

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২২

টেক্স ২৯, ১৪২৭  
তারিখঃ -----  
এপ্রিল ১২, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাভরের চামড়া শিল্পনগরীতে স্থানান্তরিত চামড়া শিল্প প্রতিষ্ঠানের ব্যাংক ঋণ পরিশোধে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখঃ জানুয়ারি ০৬, ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের ১১নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশানুযায়ী Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক নগদে ডাউন পেমেন্ট এর অর্থ পরিশোধ সাপেক্ষে মার্চ ৩১, ২০২১ পর্যন্ত আবেদন জমা দেয়ার সময় নির্ধারিত ছিল।

০৩। দ্বিতীয় দফায় কোভিড-১৯ এর বিরূপ প্রভাব দেখা দেওয়ায় ঋণ গ্রহীতাদের ব্যবসা পুনরায় ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা থাকায় ০২নং অনুচ্ছেদে বর্ণিত Exit অথবা পুনর্গঠন/পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট এর অর্থ নগদে জমাদান সাপেক্ষে আবেদন দাখিলের জন্য আগামী জুন ৩০, ২০২১ পর্যন্ত সময় বৃদ্ধি করা হলো।

০৪। এতদ্ব্যতীত, সূত্রোল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২৫২